STEPPING STONE SCHOOL (HIGH)
Worksheet - 6
Class - III
Sub - 2nd language (Bengali)
Topic - Comprehension
Date - 24/4/20
Time limit - 20 minutes

গৃহস্থের ঘরের পিছনে বেগুন গাছ আছে। সেই বেগুন গাছের পাতা ঠোঁট দিয়ে সেলাই করে টুনটুনি পাখিটি তার বাসা বেঁধেছে।

বাসার ভিতরে তিনটি ছোট্ট-ছোট্ট ছানা হয়েছে। খুব ছোট্ট ছানা, তারা উড়তে পারে না, চোখও মেলতে পারে না। খালি হাঁ করে, আর চীঁ-চীঁ করে।

গৃহস্থের বিড়ালটা ভারী দুষ্টু। সে খালি ভাবে 'টুনটুনির ছানা খাব।' একদিন সে বেগুন গাছের তলায় এসে বললে, 'কি করছিস লা টুনটুনি?'

টুনটুনি তার মাথা হেঁট করে বেগুন গাছের ডালে ঠেকিয়ে বললে, 'প্রণাম হই, মহারানী!'

তাতে বিড়ালনী ভারী খুশি হয়ে চলে গেল।

এমনি সে রোজ আসে, রোজ টুনটুনি তাকে প্রণাম করে আর মহারানী বলে, আর সে খুশি হয়ে চলে যায়।

এখন টুনটুনির ছানাগুলি বড় হয়েছে, তাদের সুন্দর পাখা হয়েছে। তারা আর চোখ বুজে থাকে না। তা দেখে টুনটুনি তাদের বললে, 'বাছা, তোরা উড়তে পারবি?'

ছানারা বললে, 'হ্যাঁ মা, পারব।'

টুনটুনি বললে, 'তবে দেখ তো দেখি, ঐ তাল গাছটার ডালে গিয়ে বসতে পারিস কিনা।'

উপরের অনুচ্ছেদটি পড়ে নীচের প্রশ্নগুলির উত্তর দাও –

১। বেগুন গাছ কোথায় ছিল?

২। টুনটুনি পাখি কেমন করে বাসা বেঁধেছে?

৩। বিড়ালটি কি খাবে বলে ভাবত?

৪। বিপরীত শব্দ লেখো
ছোট্ট
উড়তে

৫। বাক্য রচনা কর
সুন্দর
প্রণাম

Copy the questions and solve them on a sheet of paper. Otherwise keep the worksheet ready in a file to be submitted on the opening day.

Scanned with CamScanner